

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৭১১(আগরতলা, ১৪।১১)

জিরানীয়া, ১৪ নভেম্বর, ২০১৭

### জিরানীয়ায় গ্রামীণ ক্রীড়া ও যুব উৎসবের প্রস্তুতি

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে আগামী ২০ নভেম্বর থেকে ১০ ডিসেম্বরের মধ্যে জিরানীয়া ব্লকের ১৩ টি গ্রাম পঞ্চায়েত ও ৬টি এডিসি ভিলেজে গ্রামীণ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই প্রতিযোগিতাকে সুন্দর ও সুষ্ঠু ভাবে সম্পন্ন করার লক্ষ্যে সম্প্রতি জিরানীয়া পঞ্চায়েত সমিতির সভাকক্ষে আয়োজিত প্রস্তুতি সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়া, এদিনের সভায় ব্লক ভিত্তিক যুব উৎসব আয়োজনের বিষয়ে আলোচনা হয়। সভায় সিদ্ধান্ত হয় আগামী ১৫ ডিসেম্বর উত্তর মজলিশপুর গ্রাম পঞ্চায়েতের মুকুট কমিউনিটি হলে জিরানীয়া ব্লক ভিত্তিক যুব উৎসব- ২০১৭ অনুষ্ঠিত হবে। এই যুব উৎসবকে সুষ্ঠু ভাবে সম্পন্ন করার লক্ষ্যে জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথকে চেয়ারম্যান করে ৪৫ জন সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি এবং ৩টি উপ-কমিটি গঠন করা হয়। এদিনের সভায় উপস্থিত ছিলেন পশ্চিম জিলা পরিষদের যুব বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস, জিলা পরিষদের সদস্য অনুকূল চন্দ্র দাস, জিরানীয়া বিএসি'র চেয়ারম্যান রনজিৎ দেববর্মা প্রমুখ। সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথ।

\*\*\*\*\*

To remove this message  
product at www.SmartPDFC